



জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর

ফোন : ৯২৯১০১৬
ফ্যাক্স : ৯২৯১০৩৭

সূত্র নং-০১(৩৫৯) জাতীঃ বিঃ/প্রশাঃ/৯৬(১)/১/২৫৭৩

তারিখ: ১৮/০৪/২০১৬

প্রথম সমাবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি


এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের সম্মানিত গ্রাজুয়েটদের অবহিত করা যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর-এর সম্মতিসাপেক্ষে নভেম্বর ২০১৬ এ অনুষ্ঠিত হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ নিম্নোক্ত গ্রাজুয়েটগণ এ সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন।

- (১) ১৯৯৮ থেকে ২০১২ সালের ডিগ্রী পাস পরীক্ষা
- (২) ২০০০ থেকে ২০১২ সালের অনার্স ফাইনাল পরীক্ষা
- (৩) ২০০০ থেকে ২০১২ সালের মাস্টার্স ফাইনাল পরীক্ষা
- (৪) ২০০৭ থেকে ২০১২ সালের বিবিএ
- (৫) ২০০৩ থেকে ২০১২ সালের এমবিএ
- (৬) ২০০৭ থেকে ২০১৩ সালের বিএড (অনার্স)
- (৭) ২০০৬ থেকে ২০১২ সালের এমএড
- (৮) ২০০৮ থেকে ২০১২ সালের বিএসসি অনার্স ইন কম্পিউটার সায়েন্স (সিএসই)
- (৯) ২০০৭ থেকে ২০১২ সালের বিএফএ (অনার্স)
- (১০) ২০০৯ থেকে ২০১২ সালের বিএফএ (পাস)
- (১১) ২০১০ থেকে ২০১১ সালের ইসিই
- (১২) ২০০৩ থেকে ২০১২ সালের এলএলবি (ফাইনাল)
- (১৩) ২০০৩ থেকে ২০১০ সালের এম.এস.সি ইন সিএসই এবং
- (১৪) পিএইচ.ডি/এম.ফিল/এম.এ.এস/এম.এস ডিগ্রীপ্রাপ্ত গবেষক।

সমাবর্তনে অংশগ্রহণকারীদের চূড়ান্ত তালিকা এবং কোন ভেন্যুতে আসন গ্রহণ করবেন তা যথাসময়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.edu.bd) -এ প্রকাশ করা হবে।

উপর্যুক্ত পরীক্ষাসমূহের গ্রাজুয়েটদের মধ্যে যারা সমাবর্তনে অংশগ্রহণ করতে আগ্রহী, তারা অনলাইনে www.convocation.nu.edu.bd ওয়েবসাইটের মাধ্যমে আগামী ০৮-০৬-২০১৬ তারিখের মধ্যে আবেদন করতে পারবেন। সমাবর্তন রেজিস্ট্রেশন ফিস ২,৫০০ (দুই হাজার পাঁচশত) টাকা এবং সনদ প্রতি ফিস ৫০০ (পাঁচশত) টাকা অনলাইনে সোনালী সেবা, ডিবিবিএল মোবাইল ব্যাংকিং এবং ক্রেডিট/ডেবিট কার্ড (Mastercard, Visa, Nexus) এর মাধ্যমে প্রদান করতে হবে। অনলাইন ব্যতীত অন্য কোনোভাবেই সমাবর্তনের রেজিস্ট্রেশন ফিস গ্রহণ করা হবে না। সমাবর্তনের সুনির্দিষ্ট তারিখ, সময়, ভেন্যুসমূহ এবং অনুষ্ঠানসূচী যথাসময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।


ভাইস-চ্যান্সেলর এর নির্দেশক্রমে,

১৪.০৪.১৬
(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

সূত্র নং-০১(৩৫৯) জাতীঃ বিঃ/প্রশাঃ/৯৬(১)/১/২৫৭৩

তারিখ: ১৮/০৪/২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)
৩. পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. সহকারী রেজিস্ট্রার (কম্পিউটার), ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. অফিস কপি।



(জয়ন্ত ভট্টাচার্য)
উপ-রেজিস্ট্রার (পরিষদ)
ফোন- ৯২৯১০৫১
মোবাইল- ০১৭৭৭৭৮৯০৪৮
e-mail: bhattacharjee.jayanta71@gmail.com